



যুক্তরাষ্ট্র থেকে ১০০ কোটি ডলারের সয়াবিন আমদানির চুক্তি করল বাংলাদেশ



সংগৃহীত ছবি

বাংলাদেশের তিন শীর্ষ শিল্পগোষ্ঠী—মেঘনা গ্রুপ, সিটি গ্রুপ এবং ডেল্টা এগ্রো—যুক্তরাষ্ট্র থেকে প্রায় ১০০ কোটি ডলার মূল্যের সয়াবিন আমদানির চুক্তি করেছে।

মঙ্গলবার প্রকাশিত মার্কিন দূতাবাসের বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

চুক্তির আওতায় আগামী এক বছরের মধ্যে প্রতিষ্ঠানগুলো যুক্তরাষ্ট্রের সয়াবিন এক্সপোর্ট কাউন্সিলের (USSEC) মাধ্যমে সয়াবিন আমদানি করবে।

মার্কিন চার্জ দ্য অ্যাফেয়ার্স ট্রেসি জ্যাকবসন বলেন, “বাংলাদেশ এখন যুক্তরাষ্ট্রের কৃষিপণ্য রপ্তানির একটি গুরুত্বপূর্ণ বাজারে পরিণত হয়েছে।” তিনি আশা প্রকাশ করেন, এই চুক্তির ফলে আগামী বছরে বাংলাদেশের বাজারে মার্কিন সয়াবিন বিক্রি তিনগুণ পর্যন্ত বাড়বে, যা দুই দেশের অর্থনৈতিক সম্পর্ককে আরও দৃঢ় করবে।

অর্থনৈতিক বিশ্লেষকদের মতে, এটি শুধু আমদানিই নয়, বরং দুই দেশের বাণিজ্য ঘাটতি ভারসাম্য আনার অংশ। গত আগস্টে যুক্তরাষ্ট্রের রিসিপ্রোকাল ট্যারিফ বা পাল্টা শুল্ক হ্রাসের আলোচনার সময় বাংলাদেশ বোয়িং বিমান, গম, সয়াবিন ও তুলা কেনার অস্বীকার করেছিল। এরই ধারাবাহিকতায় ওয়াশিংটন শুল্কহার ৩৫ শতাংশ থেকে কমিয়ে ২০ শতাংশে আনে।

নতুন এই সয়াবিন চুক্তি দুই দেশের মধ্যে বাণিজ্যিক সহযোগিতায় নতুন অধ্যায় খুলবে বলে মনে করা হচ্ছে।